দৈনিক বাংলা

তারিখ 16 JAN 1993
পৃষ্ঠা ৭ কলাম ৫

# শিক্ষাঙ্গনে অনুকূল পরিবেশ বজায় রাখতে হবে ঃ খালেদা

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ছাত্র সম্প্রদায়ের প্রতি শিক্ষাঙ্গনে শিক্ষার অনুকূল পরিবেশ বজায় রাখতে সাহায্য করার আহবান জানান। তিনি শুক্রবার তার সুগন্ধা অফিসে ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ ডিগ্রী কলেজ ছাত্র সংসদের নয়া কর্মকর্তাদের সঙ্গে

(৭-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## শিক্ষাঙ্গনে

(প্রথম পাতার পর)

আলাপকরছিলেন। খবররাসস'র।

ছাত্র নেতারা প্রধানমন্ত্রীর কাছে এই কলেজ রাষ্ট্রীয়করণ ও এই কলেজে বিজ্ঞান বিভাগ খোলার আবেদন জানান। তিনি তাদের এই আবেদন বিবেচনা করার আশ্বাস দেন।

অন্যান্যের মধ্যে ঈশ্বরগঞ্জ থানা বিএনপি সভাপতি আব্দুর রাজ্জাক ভূঁইয়া ঈশ্বরগঞ্জ ডিগ্রী কলেজ ছাত্র সংসদের ভিপি আহসান-হাবিব ও জিএস আবুল কালাম এ সময় উপস্থিতছিলেন।